তৃতীয় মাত্রা

পর্ব- ৬৫৫০

উপস্থাপনা- জিল্লুর রহমান

আলোচক- আজকের অতিথি বিএসএমএমইউ-এর সাবেক উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম।
তারিখ- ০৮-০৭-২০২১

জিল্লুর রহমানঃ প্রিয় দর্শক দেশের কোভিড পরিস্থিতি আবারো খারাপের দিকে যাচ্ছে এবং প্রতিদিনই কোনো না কোনো রেকর্ড হচ্ছে| কখনো মৃত্যুর সংখ্যার রেকর্ড কখনো সর্বোচ্চ আক্রান্ত বা শনাক্তের রেকর্ড কখনো পরীক্ষার বিপরীতে শনাক্তের হারের রেকর্ড| এ অবস্থা কতদিন চলবে সেটি নিশ্চিত করে বলা যাচ্ছে না কারণ যে লকডাউন শুরু হয়েছে কঠোর লকডাউনের নামে সেটি ইতোমধ্যে অনেকটা ঢিলেঢালা হয়ে গেছে যদিও আরো এক সপ্তাহ বাড়ানো হয়েছে কিন্তু তারপরেও এটি আর কন্টিনিউ করবে কিনা সেটি নিয়েও অনেকের মধ্যে প্রশ্ন রয়েছে কেননা সামনে ঈদ- উল- আযহা| অনেকেই.. বিশেষজ্ঞদের অনেকে মনে করছেন যে ঈদ- উল- আযহার সময় যে সংক্রমণ টা হবে সেটি আরেকটি ধাপ, আরেকটি নতুন ধাপে নিয়ে যাবে ঈদের পরে মানুষকে| সেক্ষেত্রে এই লকডাউন কন্টিনিউ করবে কি করবেনা সেটি একটি বড় প্রশ্ন| দ্বিতীয়ত হচ্ছে জীবন জীবিকার জন্য মানুষকে এইযে সমন্বয় সাধনের চেষ্টা সেখানে জীবিকাটাই এখন প্রধান হয়ে দাঁড়িয়েছে এবং সেই জীবিকার প্রয়োজনে মানুষকে ঘরের বাইরে বের হতে হচ্ছে| বাংলাদেশের আর্থিক সামর্থের বিবেচনায় অনেকে মনে করেন যে মানুষকে ঘরে রেখেই আসলে লকডাউন টা করা যেত যদি সবার ঘরে ঠিকমতো সাহায্য পৌঁছে দেওয়া যেত, সবার ঘরে বলতে যাদের প্রয়োজন আসলে, সেটিও হচ্ছে না| টিকা নিয়ে এক ধরনের সংকট এখনো আছে অনিশ্চয়তা রয়েছে| কিছু টিকা ইতিমধ্যেই এসেছে কিন্তু প্রয়োজনের তুলনায় সেটি অপ্রতুল যদিও প্রধানমন্ত্রী বারবার আশ্বস্ত করার চেষ্টা করছেন যে সবাইকে টিকার ব্যবস্থা করা হবে সবার জন্যে এবং যেখান থেকে যেভাবে পারে যত টাকা খরচ করে হোক টিকা আনা হবে| সব মিলিয়ে আসলে এই কোভিড পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়াবে এবং এর থেকে বের হবার উপায় কি সেসব বিষয় নিয়ে আমাদের সঙ্গে কথা বলবার জন্য ঢাকার ধানমন্ডি থেকে যুক্ত হচ্ছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য প্রফেসর ডা. কামরুল হাসান খান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে যুক্ত হচ্ছেনপপুলেশন সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম| স্বাগতম আপনাদের দু'জনকেই তৃতীয় মাত্রায়| প্রফেসর ডা. কামরুল হাসান খান আপনার কাছ থেকে শুনতে চাইবো যে কোভিড পরিস্থিতি সম্পর্কে আপনার সর্বশেষ অবজারভেশন কি? ডা.খান

ডা. কামরুল হাসান খানঃ ধন্যবাদ জনাব জিল্লুর রহমান এবং ধন্যবাদ অধ্যাপক মোহাম্মদ মঈনুল ইসলাম এবং যারা দেখছেন সবাইকে শুভেচ্ছা জানাই| বিষয়টা হচ্ছে যে আমরা গত সাতদিন.. সাতদিন ধরে আমরা শতাধিক মৃত্যুর আবেশ পাচ্ছি এবং আজকেও সর্বোচ্চ মৃত্যু হয়েছে| পাশাপাশি আজকের যেটা বিষয় অনেক দিন ধরে বাড়ছে..জুন মাস থেকে বাড়ছে মানে এই সমকালে বাংলাদেশের সর্বোচ্চ সংক্রামন, সেটি দাঁড়িয়েছে ১১হাজার ৫২৫ এবং শতাংশ হিসেবে ৩১.৪৬ শতাংশ| এই অবস্থাটা যেভাবে বাড়ছে আজকের লকডাউন এর সাত দিন| সেকারণে এই জায়গাটা আমাদের জন্য চিকিৎসকের.. চিকিৎসক হিসেবে স্বস্তিকর মোটেও নয়| কারণ এই মুহূর্তে যদি বাড়তেই থাকে তাহলে আমরা বড় কোন সংকটে পড়ে যাব| কারণ হচ্ছে যে আমাদের হাসপাতালে সাময়িকভাবে যে সক্ষমতা রয়েছে সেটা যদি আমরা অতিক্রম করে ফেলি ভর্তি যোগ্য রোগীদের দ্বারা তাহলেই বলব এটা বড় সংকট হবে| সংক্রামন বারলে সর্বোপরি মৃত্যুর হারও বাড়ে| কিন্তু এই জায়গাটা অবশ্যই আমাদের আটকানোর জন্য যথাসাধ্য চেষ্টা করতে হবে| লকডাউন চলছে গত পহেলা জুলাই থেকে এবং আ টাশে 28 শে জুন থেকে

সীমিতভাবে লকডাউন বলা হয়েছে| একটি বিষয়ে আমরা স্বাভাবিকভাবে লক্ষ করি গত বছর ৮ মার্চ থেকে যখন সংক্রমনের শুরু হল বাংলাদেশে তখন থেকেই কিন্তু স্বাস্থ্যবিধি আমরা সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে| যেটি একটি আন্তর্জাতিক গাইডলাইন| আমরা কিন্তু এই জায়গাটায় একটা দুর্বলতা দেখছি যে মানুষকে স্বাস্থ্যবিধি মানানোর ক্ষেত্রে কিন্তু আমরা সেরকম সফলতা অর্জন করতে পারিনি| এখন কথা হচ্ছে যে আমাদের এই সংক্রামনের অনেক আলোচনা বা বিশ্লেষণ অনেক হবে সেখানে আমাদের মূল রক্ষাকবচ হলো স্বাস্থ্যবিধি| যে বিষয়গুলো আমরা বারবার বলছি বা আপনারা বলছেন গণমাধ্যম বলছে সেই মাস্ক বাধ্যতামূলক মাস্ক ব্যবহারটা বা আপনার শারীরিক দূরত্বতা ভিড়এড়িয়ে চলা, বার বার সাবান দিয়ে হাত ধোয়া এই বিষয়টাতে কেন আমরা বাস্তবায়নের ক্ষেত্রে কেন আমরা গুরুত্ব দিলামনা| কারণ এটাতো বিশ্ব থেকে কোন সময়ে কিন্তু যে করনা চলে যাচ্ছে করনা যে একেবারে কমে যাচ্ছে বা এ ধরনের কোনো বার্তা তো বিশ্ব থেকে পাওয়া যায়নি| আমরা এখনো দেখছি যে আমাদের পাশের দেশ ভারতে অনেকটা নিয়ন্ত্রণে করেছে তারা প্রায় তিন সপ্তাহ ধরে নিয়ন্ত্রণের রেখায় চলে এসেছে| কিন্তু তাদের মধ্যে উদ্বিগ্ন আছে যে আগামী সেপ্টেম্বর অক্টোবর এ আবার তৃতীয় কেউ হতে পারে| এখন অস্ট্রেলিয়াতে লকডাউন চলছে, আপনার জাপানে লকডাউন চলছে, ব্রিটেনে..ব্রিটেনে আপনার আবার হাজার মানুষ আক্রান্ত হচ্ছে নতুন করে, ইউরোপেও একটা নতুন সংকট হচ্ছে, ফ্রান্সে অবস্থা ভালো না| সেই কারণে আমাদের দেশে.. এই স্বাস্থ্যবিধি টা কেন আমরা বলেছি| আমরা ধরেন যে সরকারের পক্ষ থেকে বা বিশ্বের পক্ষ কখনই কিন্তু স্বাস্থ্যবিধি নিষিদ্ধ করা হয়নি বিগত ১৬ মাসে। ওই জায়গাটায় আমরা…

জিল্লুর রহমানঃ কিন্তু মানুষ মানছে না কেন.. মানছে না কেন?

ডা. কামরুল হাসান খানঃ মানুষ মানছে...শুনেন এখানে একটা কথা আছে। আইন বা নিদর্শনার সেটা কিন্তু মানুষকে কখনোই কোন দেশপই কিন্তু সহজে মানেনা, মানাতে হয়। একটা আইন যখন আমারা বাস্তবায়ন করি, তখন তো আপনাকে আইন শৃঙ্খলা বাহিনীর বা আইন বাস্তবায়নের যে সংস্থাগুলো আছে আগে সেই জায়গাটায় তৎপরতা থাকতে হবে| মানুষ এমনি এমনি কোন দেশের মানে না সেটা আপনি দেখেছেন| এ করোনাকালের আমেরিকার মতো জায়গায় কিনা হয়েছে| আপনি যদি দেখেন সেখানে ক্যাপিটল হিলে যখন অ্যাটাক হল, ক্যাপিটল হিলের মত জায়গাতে সেখানে তারা মাস্ক পড়া ছিলবা তাদের কোনো.. তখন তো আমেরিকাতে পিক ছিল|সেই কারণে মানুষকে মানাতে হয় এই জায়গাটাতে কিন্তু আমরা বারবার দূর্বলতার দেখেছি| এই জায়গাটায় আমরা যেটা মনে করি যে বারবার বলেছি এখানে জনসম্পৃক্তিটা সেরকম ভাবে হয় নাই| সরকারের একার পক্ষে সম্ভব নয়| সেজন্য আমাদের জনপ্রতিনিধি বা আপনার সামাজিক শক্তি বা স্বেচ্ছাসেবক এদের নিয়ে যদি স্কোয়ার্ড করে করে আমরা যদি ব্যবস্থাটি করলাম বিভিন্ন সংস্থা গুলো আছে সেই জায়গাটায় কিন্তু আমাদের যে সামাজিক আন্দোলন, বারবার বলেছে একটা সহযোগিতামূলক দরকার| আপনি যখন আপনার পরিবারকে যখন কথাগুলো বলবেন তখন যেভাবে শুনবে আরেকজনের কথাগুলো শুনবেনা| সেই কারণে সামাজিক আন্দোলন আমরা ডেভলপ করতে পারিনি| যা হয়ে গেছে গেছে এখন কিন্তু আমাদের কোন স্বাস্থ্যবিধির ক্ষেত্রে আমাদের কিন্তু আপোষ করার সুযোগ নেই| যেভাবে বাড়ছে আমাদের প্রধান দায়িত্ব মানুষকে বাঁচানোর| সেখানে মানুষকে বাঁচাতে সংক্রামন কমাতে হবে এবং মানুষকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে| তো সেই হিসেবে আজকে ধরেন যে লকডাউন টা তো সাময়িক বিষয় দীর্ঘদিন তো লকডাউন করতে পারবে না| একদিন কিন্তু এই লকডাউন জনজীবন অচল করে দিবে তখন নতুন ধরনের সমস্যা সৃষ্টি হবে| সে কারণে সামনে ঈদ আছে, ঈদকে নিয়ে নানান আলোচনা চলছে| আমাদের কাছে মনে হয় যে ধরেন যে লকডাউন যে পরিস্থিতি আছে সেখানে তিন সপ্তাহ লকডাউন থাকা উচিত টানা তাহলে আমাদের নিম্ন.. নিচে আসার চেষ্টা করবে| বাংলাদেশে কিন্তু লকডাউনে আমরা সুফল পেয়েছি| প্রথমবার পেয়েছি গত বছর এবং এবার পাচ্ছি এপ্রিল থেকে যখন দেওয়া হল তখন কিন্তু আপনার সংক্রমণের হার ছিল ২৩ শতাংশ উপরে| সেখানে কিন্তু নেমে নেমে ৭ শতাংশে চলে এসেছে| সে কারণে আজকে আমাদের অল আউট সর্বাত্তক এবং সম্মিলিতভাবে ব্যবস্থা নিতেই হবে| আমাদের আপসের কোনো সুযোগ নেই| সে

কারণে আপনি যেটা বলেছেন এটা আমরা সবসময় বিবেচনায় দেখেছি যে আপনার এইজে খেটে খাওয়া মানুষ কর্মহীন মানুষ বা উপার্জনহীন মানুষ তাদের তো অবশ্যই বিবেচনায় রাখতে হবে| সেখানে তারা ঘরে খাবার না থাকলে বা ঘরে যদি তার সন্তান না খেয়ে থাকে তাহলে তো তাকে ঘরের আটকানো.. ঘরে আটকিয়ে রাখা যাবেনা| এখানে মাননীয় প্রধানমন্ত্রীর বিষয়টা বিবেচনা করেছেন এবং ইতিমধ্যে আমরা শুনেছি ঈদের আগে ১ কোটি মানুষকে দশ কেজি করে চাল দেয়া হবে| এদের বেশকিছু প্রণোদনা দেওয়া হয়েছে| তারা একটি নাম্বার দিয়েছে ট্রিপল থ্রি এখানে টেলিফোন করলে যে সমস্ত মানুষ অন্যের কাছে হাত পাততে পারে না তারা টেলিফোন করে সেখান থেকে খাদ্য সহায়তা পাবে তারা পাচ্ছেও বলে আমাদের কাছে যে পত্রিকার খবর আমরা দেখি সেখানে পাচ্ছে তারা| সেই হিসেবে আমি যেটা মনে করি এখন যে পরিস্থিতি বিশেষ করে আজকে যে সংক্রমণের হারটি এবং সেখানে একটি ভয়ঙ্কর দুটি বিষয় আছে| এরমধ্যে আগে এক সময় মনে হতো বয়স্কদের রোগ এবং এটা ধনীদের রোগ এবং এটা শহরকেন্দ্রিক রোগ| কিন্তু... কিছু নেই কারণ হচ্ছে এখানে গ্রামে গ্রামে ছড়িয়ে পড়েছে আর শিশু থেকে শুরু করে বয়স্ক সবাই আক্রান্ত হচ্ছে এবং এখানে কিন্তু কোন ধরনের ভেদাভেদ নেই| সে কারণেই আমাদের কাছে মনে হয়েছে যে এই মুহূর্তে আমাদের..আমরাতো ভ্যাকসিন দিয়ে এই মুহূর্তে কভার করতে পারবোনা,ভ্যাকসিন দিয়ে যে ইউনিটে ডেভেলপ করা সে তো কমপক্ষে এক বছর লাগবেই| আর এখানে ভ্যাকসিন আসছে সেটা নিয়ে পরে বিশ্লেষণ...

জিল্লুর রহমানঃ জি আমরা পরে আলোচনা করবো নিশ্চয়ই|

ডা. কামরুল হাসান খানঃ সেই হিসেবে আমার কাছে মনে হয় যে আমাদের স্বাস্থ্যবিধি বা লকডাউন আমাদের এখানে কঠোরভাবেই থাকবে এবং সেই ভাবে আমাদের এখন মানুষকে বুঝিয়ে বা বাধ্য করে বা তাদের পাশে দাঁড়িয়ে আমাদের কিন্তু এটা বাস্তবায়ন করার চেষ্টা করতে হবে|

জিল্লুর রহমানঃ প্রফেসর মঈনুল ইসলাম পরিস্থিতি সম্পর্কে আপনার পর্যবেক্ষণ..

মঈনুল ইসলামঃ ধন্যবাদ জিল্লুর ভাই, আপনি এবং সহ সহআলোচক অধ্যাপক ডা. কামরুল হাসান স্যার এবং একই সাথে যারা দেখছেন এবং শুনছেন সবাইকে করোনাকালীন এই সময় নিরাপদ জীবন এবং শুভেচ্ছা জানিয়ে আমি আমার মূল্যায়নটা শুরু করছি| তোর যে কথা একটু আগে আমার সহআলোচ কবলছিলেন যে যদি এই বর্তমান যে অবস্থা টি লক্ষ্য করতে পারছি এটা আপনি আমরা সবাই অনুধাবন করতে পারছি যে বাংলাদেশ একটি কঠিন সময়ের মধ্যে দিয়ে পার করছে এবং লকডাউনে এই দ্বিতীয় পর্যায়ে এখনো কিন্তু আসল কোনো সাফল্য আসেনি বরঞ্চ দেখতে পাচ্ছি যে রেকর্ডের পর রেকর্ড ছুঁয়েছে| সেটা সংক্রামন মৃত্যু দুইটিই দেখছি| সামনে রয়ে গেছে আমাদের কুরবানী ঈদ বা ঈদুল আযহা যেটি রয়েছি| ফলে ঐ সময়ও যে আবার একটা সংক্রমণ বাড়ার ঝুঁকি বা সম্ভাবনার মধ্যে আমরা রয়েছি এখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা যে প্রতিবেদন দিয়েছে বাংলাদেশের দেখা যাচ্ছে সে প্রতিবেদনে বাংলাদেশের ৬৪ টি ডিস্ট্রিক বা জেলার মধ্যে ৫২ই কিন্তু অতি উচ্চ ঝুঁকিতে এখন অবস্থান করছে| এরমধ্যে দেখা যাচ্ছে যে ৩৪ টি জেলায় এখনো কোনো আইসিও নেই| যেখানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ছিল আরো অনেক আগেই আমরা এই যে ধরেন আইসিও গুলো যে এক দেড় বছর সময় পেলাম এর মধ্যে যে কিছু করতে পারলাম না মানে অবশ্যই আমাদের অগ্রগতি আছে কিন্তু তারপরেও যে এই আইসিও গুলো চালানোর মত দক্ষ জনগণ লাগবে সেখানেও জানতে পারছি যে হেলথ সেক্টরে দেখা যাচ্ছে এখনো মানে অনেক জনগণের ঘাটতি কিন্তু রয়েছে এবং সেই পদ গুলো কিন্তু এখনো পূরণ হয়নি এই যে দেড় বছর সময় আমরা পার করলাম তাহলে মন্ত্রনালয় কি করলো| অক্সিজেনের অভাবে যে সকল মানুষের মৃত্যু হচ্ছে পত্র-পত্রিকা দেখছি বগুড়ার ঘটনা দেখলাম দেখেন স্বাস্থ্য তো আমাদের একটা মৌলিক অধিকার, অক্সিজেনের অভাবে আমাকে মৃত্যু হতে হবে এটা মেনে নেওয়া যায় না| এই মৃত্যুর দায় কে নিবে| এই জায়গা গুলো কোন রাষ্ট্রের জায়গা থেকে অনেক বড় একটা প্রশ্ন এবং আজকে যেই.. যে অবস্থা জানতে পারছি যে সর্বোচ্চ সংক্রমণ ঘটছে ১১ হাজারের উপরে চলে গিয়েছি মৃত্যু, সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে| প্রতি

তিনটি টেস্টে একটি টেস্টই হচ্ছে পজেটিভ| এই অবস্থায় আমাদের অবস্থা সামনে কোন দিকে যাচ্ছি সেটি হচ্ছে এই আলোচনার মধ্য দিয়ে হতাশাজনক কথা বলতে চাই, যেটা বলতে চাচ্ছি যে আমরা একটা ঝুঁকির মধ্য দিয়ে যাচ্ছি, এই ঝুঁকি থেকে আমাদেরকে বের হয়ে আসতে হবে| যে জিনিসটা আমরা শুরু থেকেই বলে আসছিলাম জনসাস্থ নিয়ে যারা কাজ করে, আমি জনবিজ্ঞান নিয়ে কাজ করি,গ্লোবাল হেলথ নিয়ে কাজ করি, সেই প্রেক্ষাপটেও কিন্তু বলছিলাম যে আমাদের টেস্টের যে আয়তা, আমাদের মূল জায়গাটায় ছিল যে টেস্ট করা, সনাক্ত করা, চিকিৎসা করা, করেন কোয়ারেন্টাইন করা, আইসোলেশনে নিয়ে যাওয়া এই জায়গা গুলো কিন্তু প্রপারলি আমাদের এখানে হয়নি| আমরা কিছু টেস্ট প্রথম দিক দিয়েতো আয়ত্তা বাড়িয়েছি খুবই কম এখন গিয়ে আমরা অ্যান্টিজেন, রেপিড টেস্ট এগুলো সব একত্রে সমন্বিত করে এখন আমাদের কিছু বেড়েছে ৩৪ ৩৫হাজার পর্যন্ত গিয়েছে| কিন্তু আপনি যদি জনসংখ্যার আকারের কথা চিন্তা করেন বা প্রতিবেশী ভারতের সাথে যদি চিন্তা করেন আমাদের এখানে মিনিমাম এক লাখ এর কাছাকাছি টেস্ট করার দরকার ছিল এবং টেস্ট হওয়ার সাথে সাথে যেটা হওয়ার দরকার ছিল যে উনাদেরকে আইসোলেট করা আলাদা করা| এই জায়গা গুলো তো আমরা করতে পারেনি এবং দক্ষিণ এশিয়াতেও যদি লক্ষ্য করেন আপনি দেখেন আমাদের নেপাল বলেন ভারত বলেন পাকিস্তান বলেন বিবেক তুলনায় কিন্তু আমাদের প্রতি মিলিয়নের টেস্টের পরিমাণ কিন্তু অনেক কম আছে| আর চীনের কথাতো বাদই দিলাম ওরা তো সংক্রমণ ওরাতো পৃথিবীর ১০১ তম দেশে আছে যদি সংক্রামনের মাত্রায় যাই| সেই প্রেক্ষাপটে দেখেন যে চীনের কথা এক্সামপলে আনতে চাইনা যেহেতু তারা এটাকে নিয়ন্ত্রণে নিয়ে আসছে কিন্তু আমাদের ধরে দেশের ১৭ কোটি মানুষ এবং এই ৫ই জুলাই পর্য ন্তএখন মাত্র টেস্ট করেছি ৬৭লক্ষ ৫৭হাজার ৫৬২ বা এর কাছাকাছি| মানে প্রায় ধরেন আমি যদি মেনুআলে যাই ৭০লক্ষও যদি হিসাব করি বলি যে তাও ১কোটি তো করতে পারলাম না এখন দেড় বছর সময় পার করে ফেললাম| এখন যে জায়গাটা বলছিলাম পাবলিক হেলথের জায়গা থেকে সনাক্ত করা আলাদা করা চিকিৎসা করা এটা তো একদিকের একটা কিউরেটিভ জায়গা থেকে চিন্তা করার চিকিৎসা আরেকটা হচ্ছে যেটা আমার সহআলোচক আলোচনা করছিলেন যে আমরা আসলে আমাদের স্বাস্থ্যবিধি গুলো মেনে চলছে কিনা বা চলার মতো অবস্থায় ছিলো কি| এখন সেই জায়গা থেকেই লক্ষ্য করতে গেলে দেখা যায় যে আপনি উনাকে একটা প্রশ্ন করেছিলেন যে আসলে এই কেন আমরা এই জায়গাটা সাকসেসফুল হতে পারিনি, কেন জনগণ মানছে না| এর কিন্তু অনেকগুলো কারণ রয়েছে| সেই কারণটা আমি একটু পরেই যাবো ওখানে কিন্তু তার আগেই যে জিনিসটি বলছিলাম যে এখন আপনিও জানেন যে গ্রামে এখন করোনা চলে গিয়েছে এবং যারা চিকিৎসা নিচ্ছে তাদের অর্ধেকেই হচ্ছে দেখা যাচ্ছে যে গ্রামের| তার মানে আগের চেয়ে গ্রামের মানুষগুলো মনে করত যে তাদের করোনা হয় না বা দরিদ্রমানুষ যারা মনে করত করোনা হয়না সেটা ঠিক না এবং বস্তিবাসীদের করোনা হয় না সেটাও কিন্তু ঠিক না| কারণ আইসিডিডিআরবির গবেষণায় আমরা দেখতে পেয়েছি যে ওখানেও কিন্তু করোনা হয়েছে এবং কিন্তু সেই মাত্রাটা হয়তো প্রকাশিত হয়নি ওইভাবে| কিন্তু আইসিডিডিআরবির জায়গাটায় যে তারা যে পরীক্ষাটি করেছেন সেটাতে এটা প্রমাণিত যে বস্তিবাসীরা ও সংক্রমিত হয়েছে। এখন যে জায়গাটা হচ্ছে যে আমাদের একটা ভুল ধারণার মধ্যে আমরা ছিলাম যে এই করোনা বুঝি শুধুমাত্র বড়লোকদের বা শহর এলাকায় হবে কিন্তু গ্রাম এলাকায় যাবে না কিন্তু এখন যে অবস্থা টা হল সীমান্তবর্তী জেলাগুলোতে প্রপারভাবে আমরা লকডাউন টা আমরা মেইনটেইন করতে পারিনি বা ওখানে যেই নিয়ন্ত্রনটা করা দরকার ছিল সিটি না করার কারণে এখন যেই লেবেলে আমরা পৌছে গেলাম কমিউনিটি ট্রান্সমিশন লেভেলে যে পৌঁছে গেলাম এখন শেষ সময়ে এসে দেখতে পাচ্ছি যে অক্সিজেনের এর অভাবে মানুষের সমস্যা হচ্ছে, অক্সিজেন স্যাচুরেশন লেভেল নেমে যাওয়ার কারনে মৃত্যু হচ্ছে এবং ডেল্টা ভেরিয়েন্ট এর যে উচ্চ সংক্রমণের হার এটা তো আমরা আগেও টের পেয়েছি, আমরা আগেও বারবার বলার চেষ্টা করেছি| এখন দেখেন বাংলাদেশের ৬০ শতাংশের যে বয়স..যারা রয়েছে মানে ৬০ এর ঊর্ধ্বে যে মানুষগুলো রয়েছে এই মানুষগুলোর সংখ্যা একটু আগেই আমি হিসাব করছিলাম যে এখন বাংলাদেশের ষাটের ঊর্ধ্বে যে মানুষ আছে ১ কোটি ৪০ লক্ষ ৩৬ হাজার ১৩০ জন| যেটা সর্বশেষ গত সপ্তাহে বিবিএস যে পরিসংখ্যান দিয়েছে| এখন ১ কোটি ৪০ লক্ষ ৩৬ হাজার ১৩০ জন মানুষের জন্য কি ভ্যাকসিন নিশ্চিত করতে পেরেছি? আমার সর্ব সকলের

বাংলাদেশে এখন এসেছে ১ কোটি ৭ লক্ষ| তার মানে এই যে আমি কি করতে পারব এই সর্বোচ্চ ৮০ লক্ষ মানুষকে আমি ভ্যাকসিন দিতে পারব|

জিল্লুর রহমানঃ টিকা তো ষাটের উপরে দেওয়া হচ্ছে না.. টিকা তো সরকারের প্রায়োরিটি অনুযায়ী দেওয়া হচ্ছে না|

মঈনুল ইসলামঃ হ্যাঁ.. হ্যাঁ সেটাও একটা ব্যাপার.. এখন আমরা বলছি যে ৩৫ এ গিয়ে নামবো কিন্তু আমার টার্গেট তারা হওয়া উচিত যারা অধিকতর মাইনোরেবল, যারা অধিকতর ঝুঁকিতে আছে| এই যে দেখেন যে মৃত্যুর যে পরিসংখ্যান কোন বয়সের মধ্যে বেশি মৃত্যু হচ্ছে| ৬০ এর ঊর্ধ্বে যারা বা ৫০এর উপরে যারা আছে বেশিরভাগই ৬০ এর ঊর্ধ্বে সেখানে মৃত্যুর হার সবচেয়ে বেশি

জিল্লুর রহমানঃ কিন্তু প্রফেসর মঈনুল ইসলাম যে তথ্যটা আমরা পাই যে সংক্রমনের বা মৃতের সেটাকি যযথাযথ কি না? মানে এটা নিয়েও অনেকে সংশয় প্রকাশ করেন|

মঈনুল ইসলামঃ এটি নিয়ে দেখেন যেহেতু আমরা গবেষণার কাজে যুক্ত আমরা অলওয়েজ সবসময় বলি যে কোয়ালিটি ডাটা বা নির্ভরযোগ্য উপাত্তের ডাটা| আপনি দেখেন এই যে মৃত্যুর যে সংখ্যাটা আপনি বলেন অত্যন্ত পার্টিনেন| দেখেন আমাদের এখানে মৃত্যুর যে রেকড্ গুলো হচ্ছে যে যেকোনো ধরনের অফিশিয়ালি রেকর্ড হচ্ছে সেই জায়গাগুলো কিরকম| দেখেন রিপোর্ট করা হয়েছে প্রেসব্রিফিংয়েও আসে যে সরকারি হাসপাতালে কতজন মারা গেল, বেসরকারি হাসপাতালে কতজন মারা গেল, বাসায় কতজন মারা গেল এখন আসার পথে কতজন মারা গেল| এই জায়গাটার জায়গায় আমি হসপিটালে যেটা মারা যাচ্ছে ওইটা হয়তো আপনি সঠিকভাবে বলতে পারছেন| কিন্তু বাসায় যে কয়জন মারা গেল তার পরিসংখ্যানকি আমি সঠিকভাবে বলতে পারছি| কিভাবে আমি একে আয়ত্তের মধ্যে নিয়ে আসবো বা পথে যে মারা গেলে সে জিনিস গুলো কিভাবে যাবো| কিছুদিন আগে একটা টেলিভিশনে ফিচার দেখলাম রাজশাহীর গোদাগারি উপজেলার চেয়ারম্যান ওখানে বলছিলেন ওনার এলাকায় দুটো কবরস্থানে দেখা গেল যে সরকারি উপাত্তে যা বলা হচ্ছে তার বাইরেও দেখা গিয়েছে যে দুটো কবরস্থানে ৩০ জন করোনার সিমটমস নিয়ে মারা গিয়েছে| ওরাতো অফিশিয়ালি রেকর্ডেড হচ্ছে না ওইভাবে| কিন্তু মৃত্যু কিন্তু হয়েছে করোনার সামগ্রী সমস্ত লক্ষণগুলো নিয়ে| তাহলে মূল জায়গাটি যেটি আমি বলতে চাচ্ছিলাম দেখুন আমরা যারা করোনার যে পরিসংখ্যানটা দেওয়া হয় এটা দেওয়া হয় শুধুমাত্র যারা পরীক্ষা করেছে বা পরীক্ষার আয়ত্তে এসেছে তার| কিন্তু এসেছে যারা স্বেচ্ছায় গিয়ে পরীক্ষা করেছে| আমরা তো এরকম কোন সার্ভিলেন্স করিনি না যে সবাইকে করোনার মধ্যে.. পরীক্ষার আয়ত্তে নিয়ে আসতে হবে যেটা চীন যে রকম করেছে| যে অল্প সময়ের মধ্যে পরীক্ষা করে সবাইকে পরীক্ষা করে ফেলছে| আমরা তো সেটা করিনি| আমরা এখন যে উপাত্তটা পাচ্ছি এই উপাত্তটা কিন্তু সঠিক চিত্র না| এর চেয়ে আরো বেশি মাত্রায় সংক্রমণ রয়েছে, এর চেয়ে আরো বেশি মাত্রায় মৃত্যুর সংখ্যা রয়েছে| এটি কিন্তু আমাদেরকে স্বীকার করে এগিয়ে যেতে হবে|

জিল্লুর রহমানঃ আরেকটি ডা. কামরুল হাসানযে যে ভ্যারিয়েন্টের কথা বলছিলেন ডেল্টা ভেরিয়েন্ট,ডেল্টা প্লাসেরও আশঙ্কা শুনছি, আরেকটি নতুন ভ্যারিয়েন্টের কথা আমরা শুনেছি নতুন লেমডা|

মঈনুল ইসলামঃ জি, যেটা হচ্ছে এখন দেখেন ডেল্টা ভেরিয়েন্ট নিয়ে আমরা কনসেপ্ট ব্যক্ত করেছি এখন ডেল্টা প্লাসের কথা বলছি, অতি সম্প্রতি ৩০ টি দেশে WHO নিজেই স্বীকার করেছে ৩০ টি দেশে এখন ওই লেমডা যেটা আলফা বিটা গামা এখন লেমডা নামকরণ দিয়ে এখন ওই ভ্যারিয়েন্টের সংক্রমণ বেড়েছে এবং এর সংক্রমণের মাত্রা কিন্তু আমার এই ডেল্টা ভেরিয়েন্ট রয়েছে তারচেয়েও বেশি মাত্রা| এখন এই মুহূর্তে পৃথিবীতে ৩০ টি দেশে এটি সংক্রমিত হয়েছে যুক্তরাজ্যসহ| এখন এই জায়গাতে এর যে

সংক্রমণ যদি আরো বেড়ে যায় এখন আলটিমেটলি হবে যে এটি যদি অন্যান্য দেশে ছড়িয়ে যায় আমরা ভেবেছিলাম নাইজেরিয়ান গ্রে ভেরিয়েন্ট আমাদের এখানে এসেছে, ইউকে ভ্যারিয়েন্ট এসেছে, ভারতের ভ্যারিয়েন্ট এসেছে তো এখন ওই ভেরিয়েন্টও যে আসবে না সেটা তো বলা যাবেনা| কিন্তু মূল বিষয়টি হচ্ছে যে এটি কিন্তু আমাদের সামনে সেই সময়টি কিন্তু আসলে বড় চ্যালেঞ্জের মধ্যে রয়েছে| আমরা অতি শীঘ্রই যে করোনা থেকে মুক্তি পেয়ে যাবো সেটা নয় যে আমার সমালোচক কিন্তু সঠিকভাবে বলেছিলেন যে কভিড এইযে ভ্যাকসিন অতি দ্রুত আমার মনে হয় না যে উনি এক বছরের প্রত্যাশা করেছেন কিন্তু এই যে ৮০ শতাংশ মানুষকে যে ভ্যাকসিনের আয়ত্তায় নিয়ে আসা এটা কিন্তু বড় একটা চ্যালেন্জ। আমরা এগুলোকে জোগাড় করব, সংগ্রহ করব এবং এই মানুষগুলোকে দিব, আমরাতো ভ্যাকসিন সবাইকে বাধ্যতা করা উচিত এখন এই মুহূর্তে।কেন বাধ্যতামূলক করা উচিত আমি বলবো বয়স্ক জনগোষ্ঠীর জন্য অবশ্যই এটা নিশ্চিত করতে হবে কারন মৃত্যুর হার কমাতে হবে তো। এখন ভ্যাকসিনটা দিলে যে কার্যকর হবে সেটাও নয়। ইন্দোনেশিয়ার এক্সপেরিয়েন্স দেখেন, গতকালকে বিবিসিতে ইন্দোনেশিয়ার এক্সপেরিয়েন্স কি বলছে সেখানে ভ্যাকসিন দেওয়ার পরেও দেখা যাচ্ছে স্বাস্থ্যকর্মী ডাক্তাররা তারা কিন্তু আক্রমণ হচ্ছে|

জিল্লুর রহমানঃ বাংলাদেশের এটি হচ্ছে| ভ্যাক্সিনেটেড হওয়ার পরেও আক্রান্ত হয়েছে এবং মারাও গিয়েছে এরকম রেকর্ড ও আছে|

মঈনুল ইসলামঃ জি তো এখন এই সংখ্যাটা যদি আরো বেড়ে যায় তাহলে দেখা যাবে যে ওই ভ্যারিয়েন্ট এর..আমাদের একশন গবেষণা করে দেখতে হবে এইযে ডেল্টা ভ্যারিয়েন্ট এখন তো ডমিনেট করছে এটি আমাদের সংক্রামনের জায়গায়| এটি সবচেয়ে বেশি মাত্রায় বেড়ে মানে শক্তিশালী অবস্থায় রয়েছে| এখনই এটাতে এখন আমাদেরকে চিন্তা করতে হবে যে এই ভ্যারিয়েন্ট এর কারণে যে ভ্যাকসিন আসলে কতটুকু কার্যকর| সেটা একটা বিষয় এবং আরো দেখা যাচ্ছে যে ইন্টারেস্টিং তথ্য সাইন্টিস্টরা এও বলছেন যে আসলে প্রতিবছরই দেখা যাবে হয়তো কভিডের জন্য ভ্যাকসিন নিতে হতে পারে। যেটা আমরা বলছি আমরা তো দুই ডোজ নিয়ে আপাতত হয়তো আমরা মনে করলাম যে না আমি হয়তো ভ্যাকসিন থেকে মুক্ত হয়ে গেলাম সেটি না|

জিল্লুর রহমানঃ চিরস্থায়ী বন্দোবস্ত সেটি হলো না|

মঈনুল ইসলামঃ সেটি হলো না এবং দেখেন আমাদের যারা মানে আমরা বলব পাবলিক ফিগার কিন্তু এই পাবলিক ফিগার দের মধ্যে দেখতে পারছি টেলিভিশনে দেখতে পারছি যে উনারা ভ্যাকসিন নিয়েছেন ঠিক আছে মানলাম কিন্তু তাদের যে কোভিড হবে না সে ব্যাপার তো না| তারা দেখা যাচ্ছে যে বিভিন্ন বাহিনীর প্রধান রয়েছেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গরা দেখি পত্রপত্রিকায় ছবি টিভিতে দেখছি মাস্ক ছাড়া কিন্তু তারা কথা বলছে আলোচনা করছে পাশাপাশি বসে এবং এই মেসেজটা আমি জনগণকে কি দিচ্ছি| এই যে একটু আগে বললেন যে বাংলাদেশে কেন কভিডের পাবলিক ক্যাম্পেইন গুলো প্রপারলি সাকসেসফুল হচ্ছে না| আমি কি আমার মেসেজটা সঠিকভাবে জনগণের দৌড়গোড়ায় পৌঁছাতে পারছি? আমি নিজে মাস্ক না পড়ে দেখা যাচ্ছে আমি অন্য কে মাস্ক পড়তে বলছি সেটা তো হতে পারে না| আমি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ধরেন, আমি আমার বিশ্ববিদ্যালয় শিক্ষক হচ্ছে আমি আমার শিক্ষকদের মধ্যে দেখতে পাচ্ছি তারা একসাথে কাছাকাছি দাঁড়িয়ে ছবি তুলতে ফুল বিনিময় করতে কোন ডিসটেন্স নাই মাস্ক পরছে না| তো এখন এই জায়গাগুলোতে মানে আমাদের চিন্তা করতে হবে যে আমরা শিক্ষিত একই সাথে যারা শিক্ষা... মানে কম শিক্ষিত দাবি করছে দুই কাতারের মধ্যেই এই এক ধরনের সামঞ্জস্য লক্ষ করতে পারছি| কিন্তু এই জায়গাটা থেকে আমাদেরকে বের হয়ে আসতে হবে| জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি যারা রয়েছে তারা তো অবশ্যই মাস্ক পড়বেন পাশাপাশি যেটি করতে হবে এনকারেজ করতে হবে| এখন আমি মনে হয় এইধাপে আমি হয়তোবা থামতে পারি কারন কামরুল স্যার নিশ্চয়ই বলবেন পরের ধাপে গিয়ে আমি হয়তোবা বলবো যে কি কারনে আসলে পাবলিক এইযে ক্যাম্পেইন কমিউনিকেশন আমাদের

কেন সাকসেসফুল হলো না গ্রাসসোস্ লেভেলে। বাংলাদেশে খুব চমৎকার.. চমৎকার মডেল ছিল পাবলিক হেল্থ ক্যাম্পেইনে যেটা চমৎকার মডেল ছিল আমাদের ইমুনাইজেশন জায়গাগুলোর তো আমরা জনগণের ভালোভাবে বিস্তার করতে পেরেছিলাম| কিন্তু কোভিড কেন পারছি না তার কতগুলো কারণ আমি..

জিল্লুর রহমানঃ এটা শুনবো আমি আপনার কাছ থেকে তার আগে প্রফেসর কামরুল হাসান খান|

কামরুল হাসান খানঃ আমি মনে করি যে আমাদের করোনা বিষয়ে আলোচনা করার সময় আমাদের কতগুলো বিষয় বিবেচনায় রাখতেই হবে| প্রথম কথা হলো যে আপনার এই করোনা নিয়ন্ত্রণ কিন্তু সহজ কোনো বিষয় নয়| এটা একটা কঠিন বিষয় এবং আপনি যদি বিশ্বের প্রথম দশটি দেশের তালিকা দেখেন সেখানে কিন্তু সহবর্তী যে দেশগুলোর আছে তারা সাংঘাতিক ভাবে আক্রান্ত হয়েছে সেখানে যুক্তরাজ্য যুক্তরাষ্ট্র ফ্রান্স রাশিয়া সবই আছে| দুই নাম্বার কথা হলো যে আমরা যে আলোচনাগুলো করব বা করি আমরা যেন কখনো বিভ্রান্তের চেষ্টা না করি| এই মুহূর্তে আমাদেরকে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে এবং আমরা যেন মানুষকে জনগণকেও উৎসাহ দেই সাহস যোগায় উদ্বুদ্ধ করে সম্পৃক্ত করি| তিন নম্বর বিষয় হলো বাংলাদেশের বাস্তব সক্ষমতা আমাদের বিবেচনায় রাখতে হবে| ধরে...

জিল্লুর রহমানঃ কিন্তু মানুষ ভয় না পেলে স্বাস্থ্যবিধি মানছে না, এমনিতেই মানছে না|

কামরুল হাসান খানঃ আমি আসছি আপনার জায়গায় আসছি.. জানি বাস্তব সক্ষমতা ধরেন যে আমাদের দেশে তো আমরা উন্নত চিকিৎসা পাবো না বা আমাদের 2227 ডলার মাথাপিছু আয় সেখানে আমাদের সক্ষমতাটা বাস্তবতা বিবেচনায় রাখতে হবে| চার নম্বর যেটা আমরা সবাই শুনেছি যে আমাদের যে খেটে খাওয়া মানুষ ইনভার্ট মানুষ তাদের কিভাবে আমরা সাপোর্ট দিতে পারি বা তাদের সহযোগিতা কিভাবে করতে পারি এই বিষয়টা আমাদের সবসময় বিবেচনায় রাখতে হবে| এখন কথা হল যে আমরা এই মুহূর্তে যে কতগুলো আমরা বলে ফেলেছি এই মুহূর্তে আমাদের করণীয় টা কি| এখানে আমরা যে ব্যর্থতার বিষয়গুলো বারবার নিয়ে আসি সেখানে অন্যতম কারণ হচ্ছে যে আমরা সেইভাবে নিবিড় পর্যবেক্ষণ করে মানুষদের সহযোগিতার জন্য কোনো চেষ্টা করি নাই এবং সেখানে নিবিড় পর্যবেক্ষণ সরকার বা আইন-শৃঙ্খলা বাহিনী একা পারবে না| সে আমরা কোথাও দেখছি না| ধরেন আমি যদি একটা এক্সাম্পল দেই যে পহেলা জুলাই থেকে আমাদের কঠোর লকডাউন দেশব্যাপী শুরু হলো তার আগে কিন্তু ২৮,২৯,৩০ তিন দিন সীমিত লকডাউন করা হলো এবং আমরা কি দেখলাম যে হাজার হাজার মানুষ ঢাকা শহর থেকে বেরিয়ে গেল| আমরা কিন্তু রীতিমতো জেনেছি যে এই ডেল্টা ভাইরাস বলেন আর করোনা ভাইরাস বলেন এটা কিন্তু পুরো বাংলাদেশে ছড়িয়ে পড়েছে এবং ৫৭ টি জেলা বেশ ঝুঁকিতে সেটা বলেছে| তো সেই হিসেবে যদি এই যে মানুষগুলো গেল হাজার আর করোনা সংক্রমণ হতে বেশি লোক লাগেনা আমাদের ১০০ ২০০ ৩০০ মানুষ পারে পুরো বাংলাদেশ ছড়িয়ে দিতে পারে সে এক্সাম্পলও আমাদের দেশে আছে এবং ইতালি থেকে যখন ৩৫১জন যাত্রী আসলো তার কিন্তু পুরোটা ছড়িয়ে দিয়েছে আমরা জানি সে ঘটনাগুলো| সে কারণে এইযে হাজার হাজার মানুষ যে যাতায়াত করে সেখানে আমরা কিন্তু কোনো প্রতিবন্ধকতা দেখিনা| মানুষের জরুরি কাজটিকে আমাদের বিবেচনায় রেখে তাদেরকে স্বাস্থ্যবিধি মানিয়ে তাদেরকে আমরা সুযোগ দিতে হবে| তো এই হাজার হাজার মানুষ চলে যাচ্ছে এই বিবেচনাগুলো কিন্তু নেওয়া হলো না| আমরা একটা জিনিস লক্ষ্য করছি ধরেন আপনি একটি কর্মসূচি নিলেন ধরেন লকডাউন দিলেন বা বিধি-নিষেধ বা নির্দেশ দিলেন ওই নির্দেশনা দেওয়ার পর যে কিছু নতুন সমস্যা হয় ঐ জায়গাটা কিন্তু আমরা খুব একটা হ্যান্ডেল করতে দেখি না| আবার ধরেন গতবছর ঈদের আগে হাজার লক্ষ লক্ষ মানুষ আমরা দেখেছি এবং পরবর্তী সময়ে স্ট্যাটিস্টিক দেখা হয়েছে যে মহানগরগুলো থেকে ১কোটি ২০ লক্ষ মানুষ ঢাকা ছেড়ে মহানগর ছেড়ে বিভিন্ন গ্রামে গিয়েছে। এখন ধরেন এটাতো জানি যে আমরা সেই জায়গায় মানুষকে আটকানো বহু ভালো। তাহলে হওয়ায় তাদেরকে আটকাবো নয়তো স্বাস্থ্যমত ভাবে বাড়ি পৌঁছে দেব| আমি কিন্তু দুইটার কোনটাই

দেখলাম না| এই যে ইয়েটা এখানে আমার একটি কথা আমার কাছে খুব মনে ধরেছে ওই সময় একজন ফেরিঘাটের একজন কর্মকর্তা সে একটাসুন্দর কথা বলেছিল এবং খুবই তাৎপর্যপূর্ণ আমার কাছে মনে হয় সেটা হলো যে দেখেন আমরা এই মানুষগুলোকে আটকাতে পারতাম কিন্তু যখন আমরা প্রাইভেট কার বা মাইক্রোবাস ছেড়ে দিচ্ছি আমরা তাদেরকে কিভাবে আটকাবো| ওই সময় দেখেন আপনি দেখেন আমরা যখন লকডাউন বা যাই বলি নির্দেশনা যাই বলি সেখানে কিন্তু সেখানে কিন্তু দেখেন ঢাকা শহর থেকে গাদাগাদি করে মানুষগুলো আপনার ব্রেক জার্নি করে করে এই প্রাইভেটকারে কিংবা আপনার মাইক্রোবাসে বা এইযে অর্ধেক গিয়ে অন্য গাড়িতে ওঠা এইযে রূপান্তর পদ্ধতি সংক্রমণঅনেক দেশে ছড়িয়েছে| সে কারণে এই জায়গাটা আমাদের গঠনমূলক সমালোচনা নিশ্চয়ই করব কিন্তু আমরা সমাধানের জায়গায় যেতে চাই| এটা আমাদের এক ধরনের গতবছর আরেকটা ঈদের আগে শপিংকমপ্লেক্সগুলো খুলে দেওয়া হলো এবং যে সমস্ত ব্যস্ত মার্কেটগুলো আছে সেখানে কিন্তু আমরা কোনো ধরনের ব্যবস্থা আমরা লক্ষ্য করি নাই| সেখানে আমরা বারবার বলেছি যে আমাদের এই জায়গাটা কেমন জানি খুব একটা ইদানিং কিছু কিছু দেখা যাচ্ছে সেখানে আমরা বারবার বলেছি যে আমাদের আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে তার দুই চারজন থাকলে সেখানে জনপ্রতিনিধি সেখানে স্বেচ্ছাসেবক এবং স্কাউটের যারা আছে তাদের নিয়ে আমরা একটা স্পট করি না ৫ ১০ জন বা ১০ ১৫ জন আপনার স্টেশনে কিংবা আপনার যে..ফেরিঘাটে কিংবা আপনার বাস স্টেশনে মার্কেট গুলোতে আমরা দেই না এবং তারা যদি ম্যানেজ করার চেষ্টা করে তাহলে কিন্তু মানুষ তাদের কথা শুনবে এবং তারা কিছু কিছু জায়গায় ধরনের বুঝালো না বুঝলে একটু কঠোর হতেই হবে আইন সম্পাদনার ক্ষেত্রে কিছুটা কঠোর হতেই হবে| এখন আমরা যে পর্যায় আছি এটা হলো সেখানে আমাদের কাছে কিন্তু কোন এই স্বাস্থ্যবিধির বিষয়ে আমাদের কোন আপস করার কোন সুযোগ নেই| আমরা বারবার বলছি এখন কিন্তু এটা বাড়তেই থাকবে প্রতিদিন কিন্তু আমরা আশা করি যখন আমরা নিউজ টা শোনার জন্য উদগ্রীব থাকি বিকালবেলা স্বাস্থ্য অধিদপ্তরে নিশ্চয়ই আজকে কমতে পারে কিন্তু কমছে না কিন্তু| তারপরেও আমাদের হিসেবে বৈজ্ঞানিক ব্যাখ্যার হিসেবে উদাহরণ দেই কমপক্ষে ১৪ দিন এবার যেটা ছড়িয়েছে ওইবার কিন্তু ওতটা ভয়াবহতা ছিল না এবার কিন্তু অনেক বেশি ভয়াপবহ| আবার তার মধ্যে ডেল্টা ভেরিয়েন্ট পুরা বাংলাদেশের ছড়িয়ে পড়েছে এবং সেখানে এটা কিন্তু আমাদের ধারণা যে ১০ ১৫ দিনের আগে কিন্তু এটা নিম্নমুখী হবে না| হলে অবশ্যই আমরা খুশি বা আমরা চাই এটা নিয়ন্ত্রণে আসুক| কিন্তু মাঝে মাঝে যদি আমরা ঢিলেঢালা করি তাহলে তো আরো আমাদের নিয়ন্ত্রণের জায়গাটা হাতছাড়া হয়ে গেল| সে কারণে আমাদের হাতে এখনো টিকা আছে আমরা ভ্যাকসিন অনেক লম্বা পথ আবার আপনার চিকিৎসা ক্ষেত্রটাও আমাদের সীমিত| সেখানে যদি আমাদের মৃত্যুর মিছিল বাড়তে থাকে সেখানে কিন্তু একটিই আমাদের হাতে ক্ষমতা.. আছে| উপায় হচ্ছে সেটি হলো মানুষকে স্বাস্থ্যবিধিতো পুরো নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে আসা কারণ সেখানে আমরা যে বিবেচনাটা আমি চারটি বিবেচনা বলেছি খেটে খাওয়া মানুষ| এখানে আরেকটি বিবেচনায় রাখতে হবেআমি চাই আমি চাই আমি চাই যে এইযে এমন একটি মহামারী পৃথিবীতে এরকম কখনোই আসেনি বিশ্বের ২২৫ অঞ্চল দেশ আক্রান্ত হয়েছে সেখানে আমরা কেউ নিরাপদ নই। সেখানে আমাদের যে কিছু কষ্ট স্বীকার করতে হবে কিছু ত্যাগ স্বীকার করতে হবে ধৈর্য ধরতে হবে| না হলে তো হবেনা| এখানে কেউ মারা যাবে কেউ বাঁচবে এটারতো হিসাব করা যাচ্ছে না| সেকারণে আমার মনে হবে এই জায়গাটা আমাদের সবাইকে নিয়ে কিভাবে নিয়ন্ত্রণ করা যায়| গ্রাম অঞ্চলে কিন্তু এখনো অনেকে বলছে যে শহরের মানুষ অভ্যস্ত হয়েছে কিন্তু গ্রামের মানুষ আমার কাছে মনে হয় না গ্রাম অঞ্চলের নিয়ন্ত্রণ করা বরং আমার কাছে মনে হচ্ছে অনেক সহজ| সেখানে আমাদের স্বাস্থ্যকর্মীরা প্রতি ওয়ার্ডে আছে দুজন করে সেখানে ওয়ার্ডের মেম্বাররা আছে বা ইউনিয়ন চেয়ারম্যান আছে পাশাপাশি সরকারের অন্যান্য কর্মকর্তারা আছে তাদেরকে মিলিয়ে যদি একটি সুপারভিশন ব্যাবস্থা কিন্তু স্বাস্থ্য ব্যবস্থা থেকে আছে এবং আমাদের বাংলাদেশের স্বাস্থ্য নেটওয়ার্কের অবস্থা কিন্তু একেবারে দুর্বল নয়| সমস্ত নেটওয়ার্ক তো আমাদেরকে অ্যাকটিভ করতে হবে| যে যেখানে আছে উপজেলার কিন্তু চিকিৎসা কিন্তু একেবারে দুর্বল নয়| আর একটি কথা আমি বলি যেটা আমাদের এই সংকটের মধ্যে কিছুটা আমাদের স্বস্তিকর জায়গা সেটা হল গিয়ে আপনার যত রোগী আছে পৃথিবীতে আজকেও এটা আপনি দেখবেন আজকের দিনে আপনি দেখবেন লক্ষ্য করে সেটা হলো এইজে করোনা সংক্রমণের ৯৯ ভাগ রোগী কিন্তু হচ্ছে

